

তারিখ ... ..

পৃষ্ঠা ... কলাম ...



**নাজিমুদ্দীন খান**

সিরাজুল রহমান  
ইতিহাস কথা কয়  
& নির্বচিত্ত রচনামূলক প্রবন্ধ

## বইমেলা ৪ আর বাকী চার দিন

রোজানুজ রহমান । একুশে বইমেলা চলবে আর মাত্র ৪ দিন। মেলা শুরু হয়েছিল ১লা ফেব্রুয়ারী। পবিত্র ইদের কারণে এবার মেলার সময়সীমা ২১শে ফেব্রুয়ারী পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। এদিকে গতকালও শনিবার বইমেলায় বিপুলসংখ্যক জেতা-দর্শকের সমাগম ঘটে। আজ্ঞা দেয়ার চেয়ে বই কেনার ব্যাপারেই সকলের আগ্রহ ছিল বেশী। প্রায় প্রতিটি ষ্টলে জেতাদের ভিড় ছিল উল্লেখ করার মত। বইমেলায় গতকাল খুল-কলেজের ছাত্র-ছাত্রীদের উপস্থিতি ছিল লক্ষণীয়। বেলা ২টায় মেলার বিভিন্ন ষ্টল খোলার সাথে সাথেই ছাত্র-ছাত্রীরা বিভিন্ন ষ্টলে বই কেনার জন্য ভিড় করে। কমানা আকতার নামে একজন কলেজ ছাত্রী বললেন, সন্ধ্যার আগে বাসায় না ফিরলে মা-বাবা দুচ্চিন্তায় থাকেন, তাই দুপুরেই মেলায় এসেছি। তার মতে, এবার মেলার পরিবেশ (২য় পৃঃ ৩-এর কঃ ৫ঃ)

### বইমেলা (১ম পৃঃ পর)

ভাল। তবে খুব তাড়াতাড়ি মেলা শেষ হয়ে যাচ্ছে।

গতকালও বইমেলায় উল্লেখযোগ্যসংখ্যক নতুন বই এসেছে। একুশে বইমেলা উপলক্ষে প্রেসিডেন্ট গ্রফেসর এ কিউ এম বদরুলকোজা চৌধুরীর ৩টি নতুন বই প্রকাশিত হয়েছে। 'প্রবাসীর মন' ও 'নায়িকা প্রধান' নামের দুটি নতুন বই প্রকাশ করেছে শিকড় প্রকাশনী। অন্য বইটির নাম 'নাম বলা নিষেধ'। বই ৩টির কাটতি বেশ ভাল। বইমেলায় সিরাজুল রহমানের 'ইতিহাস কথা কয়' নামের নতুন বই এসেছে। বইটি প্রকাশ করেছে শিকড় প্রকাশনী।

একাধিকবার কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও বইমেলায় নীতিমালা রক্ষায় কার্যকর কোন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে না। মেলার বাইরে রাস্তার উপর অবৈধ দোকান-পসরা নিয়ন্ত্রণের ক্ষেত্রে চলাছে লুকোচুরি খেলা। মেলায় সামনে রাস্তার উপর গতকাল ইতস্ততঃ বিক্ষিপ্তভাবে কিছু বাবার দোকান বসেছিল। পুলিশ একদিকে দোকান সরিয়েছে আবার অন্যদিকে সেই দোকানই বসেছে। একাডেমীর প্রধান পেট সংগ্ৰহ এলাকায় বসেছে কয়েকটি বাবার দোকান। বাবারের উচ্চমূল্য গ্রহণ করা হচ্ছে এইসব দোকান থেকে। মেলায় নীতিমালা অনুযায়ী কোন নেতা-নেত্রীকে কটাক্ষ করে নেবা কোন বই মেলায় বিক্রি করা যাবে না। কিন্তু এই ধরনের বেশ কয়েকটি বই মেলায় প্রকাশ্যে বিক্রি হচ্ছে।

আজ বইমেলা শুরু হবে বেলা ২টায়। রাত ৮টা পর্যন্ত মেলা খোলা থাকবে। মেলায় শতকরা ২০ ভাগ কমিশনে বই বিক্রি হচ্ছে।